দৈনিক বাংলা

তারিখ 18 JUL 1991
পৃষ্ঠা 8 কলাম 4

১১৫২

১৩০

# সলিমুল্লাহ মেডিক্যালে পুলিশ পাহারা জোরদার ঃ ১৬ জনের বিরুদ্ধে মামলা

।। স্টাফ রিপোর্টার ।।

সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে গতকাল বুধবার নতুন করে আর কোন সংঘর্ষের খবর পাওয় যায়নি। মঙ্গলবার কলেজ ছাত্রাবাসের কক্ষ দখল নিয়ে

(৪-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## সলিমুল্লাহ মেডিক্যালে

(প্রথম পৃষ্ঠার পর)

দু'দল ছাত্রের মধ্যে সংঘর্ষের পর কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য কলেজ বন্ধ ঘোষণা করায় ছাত্র-ছাত্রীরা গতকাল ছাত্রাবাস ছেড়ে চলে গেছে। কলেজে পুলিশ পাহারা জোরদার করা হয়েছে। এ খবর কোতোয়ালী থানা সূত্রের।

পুলিশ জানায়, মঙ্গলবারের সংঘর্ষে আহত ছাত্র দলের কর্মী এহতেশামুল হক তুহীন এ সংঘর্ষের জন্য ছাত্রলীগ কর্মীদের দায়ী করে ১৬ জন ছাত্রলীগ কর্মী ও সমর্থকের বিরুদ্ধে কোতোয়ালী থানায় একটি মামলা দায়ের করেছে। অভিযুক্তরা হচ্ছে-রেজাউর রহমান, মাহমুদুর রহমান, মোস্তাফা, হুমায়ুন কবীর, ওয়াহেদ, চানমিয়া, মোস্তফা, নাসিরউদ্দীন, মাহফুজুর রমহান, বাবরুল আলম, রুহুল আসাদ, শাহীন, তারেক, ফারুক, কায়সার ও সেলিম।

তুহীন থানায় দায়েরকৃত তার অভিযোগে বলেছে, ছাত্রলীগের উল্লেখিত কর্মী ও সমর্থকগণ মঙ্গলবার ভোর থেকে ছাত্রদলের কর্মীদের উপর সশস্ত্র হামলা চালিয়ে ছাত্রদলের কর্মী ও সমর্থকদের গুরুতরভাবে আহত করে। ছাত্রলীগ কর্মীদের বেপরোয়া সশস্ত্র হামলায় সে (তুহীন)সহ ছাত্রদলের বেশ কয়েকজন কর্মী গুরুতর আহত হয়েছে। তারা ছাত্রবাসের শতাধিক কক্ষ ভাংচুর করে। তিনটি কক্ষে অগ্নি সংযোগ ঘটায়।